

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

Bangladesh Inland Water Transport Authority (BIWTA)

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.prebd.com

মেরিন শিক্ষানবিশ ভর্তি বিজ্ঞপ্তি

আগামী ১লা জানুয়ারী হতে ২০২৭ ইং শিক্ষাবর্ষে এক বৎসর মেয়াদী মেরিন শিক্ষানবিশ (ডেক ও ইঞ্জিন) কোর্সে ভর্তির জন্য বাংলাদেশী পুরুষ নাগরিকদের কাছ থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনের সময়সীমা : বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ৩১/১০/২০২৬ইং রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।
প্রশিক্ষণ প্রতিষ্ঠান : ১। ডিইপিটিসি-নারায়ণগঞ্জ ২। ডিইপিটিসি-বরিশাল ৩। এসপিটিআই-মাদারীপুর।
নির্বাচনী পরীক্ষার সময়সূচী : ২০ ও ২১শে নভেম্বর ২০২৬ ইং (সকাল ০৯:০০ ঘটিকা)।
নির্বাচনী পরীক্ষার কেন্দ্র : ডিইপিটিসি-নারায়ণগঞ্জ, ডিইপিটিসি-বরিশাল ও এসপিটিআই-মাদারীপুর।
ফলাফল প্রকাশ : ২৪শে নভেম্বর-২০২৬ ইং।
ভর্তি কার্যক্রম : ফলাফল প্রকাশের তারিখ হতে ৩০শে নভেম্বর-২০২৬ইং পর্যন্ত।

ভর্তির শর্তসমূহঃ

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক ও অবিবাহিত পুরুষ হতে হবে।
- আবেদনকারীকে কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- নির্বাচনী পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সনদ/মার্কশীটের মূল কপি/অনলাইন কপি প্রদর্শন করতে হবে।
- আবেদনকারীর বয়স এসএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী ৩১/১২/২০২৬ইং তারিখে ১৬-ই বছর থেকে ২১ বছর এর মধ্যে হতে হবে।
- আবেদনকারীকে তার পছন্দের ক্রম অনুযায়ী প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে। আসন সংখ্যা: ডিইপিটিসি, নারায়ণগঞ্জ-১৫০জন; ডিইপিটিসি, বরিশাল-৩০জন ও এসপিটিআই, মাদারীপুর-৯০জন।
- আবেদনকারী যে নির্বাচনী পরীক্ষার কেন্দ্রে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক তা আবেদনে উল্লেখ করতে হবে।
- চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে সার্বজনিক প্রশিক্ষণ গ্রহণের জন্য কেন্দ্রে অবস্থান করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তি পদ্ধতিঃ

- আবেদনকারীদের পছন্দক্রম, মেধা তালিকা ও কর্তৃপক্ষের সিদ্ধান্তের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- প্রার্থীকে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয় (এসএসসি মানের) ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নিতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক সুস্থতা, চক্ষু, সঁতার ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- শারীরিক সুস্থতা, চক্ষু, সঁতার ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকা অনুযায়ী ডেক শাখায় প্রথম ১৪০ (একশত চল্লিশ) জন এবং ইঞ্জিন শাখায় ১৩০ (একশত ত্রিশ) জন-কে চূড়ান্তভাবে নির্বাচিত করে অন্যান্যদের অপেক্ষমান তালিকায় রাখা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং জামানত হিসেবে ২,০০০/- টাকা (সফলতার সাথে কোর্স সমাপ্তির পরে ফেরতযোগ্য) ভর্তির সময় জমা প্রদান করতে হবে।

সুবিধাদিঃ

- ফ্রি থাকা ও খাওয়ার ব্যবস্থা।
- ফ্রি প্রশিক্ষণ ও প্রশিক্ষণ উপযোগী ০১ সেট ইউনিফর্ম প্রদান।
- অভ্যন্তরীণ জাহাজে চাকুরীর সুযোগ আছে। চাকুরীকালীন পদোন্নতি পেয়ে একজন প্রার্থীর ১ম শ্রেণীর ইনল্যান্ড মাস্টার/ইনল্যান্ড ড্রাইভার/ ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার হওয়ার সুযোগ আছে।
- কোন স্বীকৃত বোর্ড বা কর্তৃপক্ষ হইতে পদার্থ বিজ্ঞান ও গণিতসহ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০০ (৫০% নম্বর) প্রাপ্ত প্রশিক্ষণার্থী ডেক/ইঞ্জিন অফিসার ক্লাস-৫ সনদ প্রাপ্তি সাপেক্ষে বিদেশগামী জাহাজে চাকুরীর সুযোগ পাবে।

Online - এ আবেদনের পদ্ধতিঃ

- যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে www.deptcnarayanganj.com এ প্রবেশ করুন > 'Online Application' এ ক্লিক করুন > 'Choose an Option' ক্লিক করুন > 'Nautical Science' অথবা 'Marine Engineering' এ Select করে Application Form পূরণ পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- তিনটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে প্রার্থী যে প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক তাহা পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে হবে।
- তিনটি নির্বাচনী পরীক্ষার কেন্দ্রের মধ্যে প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তা নির্বাচন করতে হবে।
- Application Form এ ১০০ kb এর মধ্যে ৩০০×৩০০ pixel এর রঙিন ছবি এবং ৬০ kb এর মধ্যে ৩০০ × ৮০ pixel signature upload করতে হবে।
- সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Proceed বাটনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে।
- আবেদন সম্পন্ন করার পর Applied ID (যা SMS এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা Print করে সংরক্ষণ করবেন।
- পরীক্ষার ফি জমা প্রদান : Applicant's Copy তে প্রাপ্ত Applied ID ব্যবহার করে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর (মোবাইল ব্যাংকিং সেবা) রকেট একাউন্ট এর মাধ্যমে ৩২০/- (তিনশত বিশ) টাকা আবেদন করার পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা প্রদান করতে হবে।
- টাকা প্রদানের নিয়ম : রকেট ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মোবাইল নম্বর হতে *৩২২# ডায়াল করুন এবং পরবর্তী ধাপগুলো অনুসরণ করুন। screen 1: Bill Pay > screen 2: Select your option : Self: নিজের রকেট একাউন্ট হলে, Other: Agent হলে আবেদনকারীর মোবাইল নম্বর দিন। > screen 3 : other.....> screen 4: Enter Bill ID : 423 > screen 5: Enter Bill Number: এর ক্ষেত্রে (Applied ID) দিতে হবে> screen 6: Enter Amount: 320.-> screen 7: Enter PIN (Successful). সঠিক ভাবে সকল ধাপ অতিক্রম করা হলে রকেট হতে একটি নিশ্চিতকরন SMS প্রদান করা হবে।

Admit card download: সফল আবেদনকারীদের Admit card download করার তারিখ ও সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

যোগাযোগ : ৪ (সময়- সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা)।

১। ডিইপিটিসি, নারায়ণগঞ্জ: ০১৯১৬৯৮৩২২৪, ০১৬৭৬৬৯৫৯১৪

২। ডিইপিটিসি, বরিশাল: ০১৬৮৩৯৭৮৮৯৭

৩। এসপিটিআই, মাদারীপুর: ০১৮২৭৯১১৫৫৮



অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র
বিআইডব্লিউটিএ, সোদাকান্দা, নারায়ণগঞ্জ।